



১১-২০ গ্রেডের সরকারি চাকুরিজীবীদের সম্মিলিত অধিকার আদায় ফোরাম  
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ



অস্থায়ী কার্যালয়ঃ ৩১ নং মসজিদুল ফেরদৌস কমপ্লেক্স, ব্লক-বি, মিরপুর-২, ঢাকা।

ই-মেইলঃ [hassanmahmudul157@gmail.com](mailto:hassanmahmudul157@gmail.com), মোবাইল নং-০১৭১৫৫৮৩৮৮৩, ০১৭১২-১৪৯১৪৩

সূত্রঃ কেনিপ-১৬০/২০২১

তারিখঃ ২৩/১০/২০২১ খ্রিঃ

## শোক ও প্রতিবাদ বার্তা

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিবি সদস্য সোহরাব হোসেন চৌধুরীর হৃদযাবিদারক ফেসবুক স্ট্যাটাস ও পরবর্তীতে আত্মহত্যা আমাদের দৃষ্টিগোচর হয়েছে, সোহরাব হোসেন চৌধুরীর এই অকাল মৃত্যুতে "১১-২০ গ্রেডের সরকারি চাকুরিজীবীদের সম্মিলিত অধিকার আদায় ফোরাম" এর পক্ষ থেকে গভীরভাবে শোকাহত, আমরা তার রম্হের মাগফেরাত কামনা করছি ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

আমরা ১১-২০ গ্রেডের কর্মচারীরা কত দুঃসহ সময় অতিক্রম করছি সোহরাব হোসেন চৌধুরীর মৃত্যুর মধ্য দিয়ে তা সহজেই অনুমেয়। একটি কথা প্রচলন হয়েছে যে, সরকারী চাকুরীজীবীদের বেতন ছিড়ন করা হয়েছে কিন্তু ১১-২০ গ্রেডের চাকুরীজীবীরা এর সুফল থেকে বঞ্চিত।

সোহরাব হোসেন চৌধুরীর এই অকাল মৃত্যুকে উপলক্ষ করে ১১-২০ গ্রেডের কর্মচারীদের অসহনীয় দুর্ভোগ লাঘবের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আগামী ২৫/১০/২০২১ খ্রিঃ রোজ-সোমবার প্রতিবাদস্বরূপ ও শোক পালনের উদ্দেশ্যে ১১-২০ গ্রেডের কর্মচারীরা কালো ব্যাজ পরিধান কর্মসূচি ঘোষণা করছি, সোহরাব হোসেন চৌধুরীর প্রতি সকলের সম্মানার্থে উক্ত কর্মসূচি যথাযথ ভাবে পালনের আহ্বান জানাচ্ছি।

শোকাহত

২৩/১০/২০২১

(মোঃ মাহমুদুল হাসান)

সাধারণ সম্পাদক

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

মোবাইল নং- ০১৭১২১৪৯১৪৩